# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**02-04-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে SIR-এর আওতায় বিবেচনাধীন তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটারদের শুনানির জন্য আপিল ট্রাইব্যুনালের আজই কাজ শুরু করার কথা।

৩) মালদার কালিয়াচকে ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার অভিযোগে সাত বিচারবিভাগীয় আধিকারিককে ঘেরাও। গভীর রাতে তাদের উদ্ধার করে নিরাপত্তা বাহিনী ।

৪) বুথ পুনর্বিন্যাসের জেরে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা বেড়ে যাওয়ায় অতিরিক্ত ১২৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চেয়ে CEO দফতর নির্বাচন কমিশনের কাছে চিঠি পাঠিয়েছে।

৫) বিধানসভা নির্বাচনে কংগ্রেস, বাকি ১০টি আসনে তাদের প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৬) জলপাইগুড়ি রোড স্টেশনে দিল্লীগামী ট্রেন থেকে ১৪ জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে রেল পুলিশ।

৭) ইডেন গার্ডেন্সে আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স ও সানরাইজার্স হায়দ্রাবাদ মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। এর সঙ্গেই শুরু হবে মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া। ৯ ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ চলছে। ৬'ই এপ্রিল পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে।

oooooooooooooooooooooooooo

দলীয় কর্মসূচীতে অংশ নিতে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতরাতে কলকাতায় পৌঁছেছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ ভবানীপুর কেন্দ্র থেকে তাঁর মনোনয়ন জমা দেবেন। এই উপলক্ষ্যে হাজরা মোড় থেকে ভবানীপুরের সার্ভে বিল্ডিং পর্যন্ত এক রোড শো-এ অংশ নেবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। এরপর সার্ভে বিল্ডিং-এ শুভেন্দু অধিকারীর মনোনয়ন জমা দেওয়ার সময়ও উপস্থিত থাকবেন তিনি।

oooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে SIR-এর আওতায় বিবেচনাধীন তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটারদের শুনানির জন্য আপিল ট্রাইব্যুনালের আজই কাজ শুরু করার কথা। অনলাইন ও অফলাইন—দুই মাধ্যমে জমা পড়া সমস্ত আবেদন, নথি ও তথ্য ট্রাইবুনালের কাছে থাকবে। ট্রাইবুনাল নিজেদের কাজের পদ্ধতি নিজেরাই নির্ধারণ করবে।

কলকাতায় জলশক্তি মন্ত্রকের দফতর শ্যামাপ্রসাদ মুখার্জি ইনস্টিটিউটে ১৯ টি আপিলেট ট্রাইব্যুনালের বেঞ্চ বসবে।

উল্লেখ্য, প্রধান বিচারপতি সূর্যকান্ত, দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চে গতকাল এস আই আর সংক্রান্ত মামলার শুনানিতে শীর্ষ আদালত আজই অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ শুরুর নির্দেশ দেয়।

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল শীর্ষ আদালতকে জানান, প্রতিদিন'ই প্রায় ২ লক্ষ নামের নিস্পত্তি হচ্ছে। ৭'ই এপ্রিলের মধ্যে এডজুডিকেশনের কাজ সম্পন্ন হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

আগামী ৬'ই এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

এদিকে, বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের সপ্তম তালিকা গতরাতে প্রকাশিত হয়েছে।

oooooooooooooooooooo

ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার অভিযোগে মালদা জেলাজুড়ে পথ অবরোধ, বিক্ষোভকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। কালিয়াচক ২ নম্বর ব্লকে বিডিও অফিসে ৭ বিচারবিভাগীয় আধিকারিককে দুপুর থেকে মধ্যরাত পর্যন্ত ঘেরাও করে রাখেন বিক্ষোভকারীরা। অফিসের দুটি গেট আটকে দেয় তারা। শেষ পর্যন্ত পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী তাদের উদ্ধার করে জেলা সদরে নিয়ে যায়।

এই ঘটনায় নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ডিজির কাছে রিপোর্ট চেয়েছে বলে সূত্রের খবর।

এদিকে, সুজাপুরে দিনভর পথ অবরোধ করেন বিক্ষুব্ধ জনতা। ১৫ ঘণ্টারও বেশি অবরুদ্ধ থাকে ১২ নম্বর জাতীয় সড়ক। রাত ১২-টার পর প্রশাসনের হস্তক্ষেপে অবরোধ ওঠে।

সুজাপুরে খবর সংগ্রহের কাজে গিয়ে সংবাদমাধ্যমের কর্মীরা আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ। বে-সরকারী সংবাদ চ্যানেলের দুই সাংবাদিককে ঘিরে ধরে মারধোর করা হয়।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জুডিশিয়াল অফিসারদের ঘেরাও-এর ঘটনার তীব্র নিন্দা করেছেন। এক ভিডিও বার্তায় তিনি বলেছেন, এস আই আর প্রক্রিয়া নিয়ে শাসক দলের উস্কানিমূলক মন্তব্যের প্রতিফলন এই প্রক্রিয়া।

(বাইট- সুকান্ত)

oooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আগে বুথ পুনর্বিন্যাসের জেরে রাজ্যে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ায় অতিরিক্ত ১২৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চেয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর নির্বাচন কমিশনের কাছে চিঠি পাঠিয়েছে। আগে রাজ্যে মোট বুথের সংখ্যা ছিল ৮০ হাজার ৭১৯। পরে নির্দেশ দেওয়া হয়, কোনও বুথে ১,২০০-র বেশি ভোটার রাখা যাবে না। সেই নির্দেশ কার্যকর করতে গিয়ে রাজ্যে আরও ৪ হাজার ৬৬০টি নতুন বুথ বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়। পূর্ব পরিকল্পনা অনুযায়ী, এবারের নির্বাচনে ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের কথা ছিল। কিন্তু বুথ সংখ্যা বৃদ্ধির ফলে নিরাপত্তা নিশ্চিত করতে অতিরিক্ত বাহিনীর প্রয়োজন হতে পারে বলে মনে করছে সিইও দপ্তর।

এদিকে, অবাধ ও সুষ্ঠ নির্বাচনের লক্ষ্যে ধাপে ধাপে কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে আসছে। আগামী ৭ এপ্রিলের মধ্যে আরো তিনশো কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পৌঁছবে। এই নিয়ে গত ২৮ মার্চ জয়েন্ট ফোর্স ডেপলয়মেন্ট কমিটির বৈঠকে অনুষ্ঠিত হয়। সবচেয়ে বেশি ২৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে কোচবিহার জেলায়।

oooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনে কংগ্রেস, বাকি ১০টি আসনে তাদের প্রার্থীর নাম ঘোষণা করেছে। শ্রীরামপুর কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। আলিপুরদুয়ারে মৃন্ময় সরকার, ইসলামপুরে গুড্ডি রিয়াজ, ফারাক্কায় মেহতাব শেখ, সাগর

দীঘিতে মনোজ চক্রবর্তীকে প্রার্থী করা হয়েছে। গাজোল কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করবেন প্রেম চৌধুরী। ,

উল্লেখ্য, গত ২৯ শে মার্চ কংগ্রেস ২৮৪ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করে।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দামামা বেজে ওঠার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। মালদা জেলাও তার ব্যতিক্রম নয়। ভোটের দিন যতই এগিয়ে আসছে, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

(ভয়েকাস্ট-সহেলি)

oooooooooooooooooooooo

ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল বীরভূমের নানুর, মুর্শিদাবাদের বড়এঞাঁ এবং নবগ্রামে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। সভামঞ্চ থেকে আজ ফের ফর্ম সিক্স জমা দেওয়া নিয়ে অনিয়মের অভিযোগ করেন তিনি।

(বাইট – মমতা)

বিজেপি নেতা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ কোচবিহারের দিনহাটায় দলীয় প্রার্থীর সমর্থনে বাড়ি বাড়ি গিয়ে প্রচার সারেন।

oooooooooooooooooooooo

জলপাইগুড়ি রোড স্টেশনে দিল্লিগামী ট্রেন থেকে ১৪ জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে রেল পুলিশ। উদ্ধার হয়েছে জাল আধার, প্যান কার্ড। ধৃতরা সকলের বাংলাদেশের বাগেরহাট জেলার ফকীরবাড়ির বাসিন্দা। এরা উত্তর- পুর্ব ভারত থেকে

দিল্লীগামী নর্থ ইস্ট ট্রেনে চেপেছিলেন। জলপাইগুড়ি রোড স্টেশনে ট্রেন দাঁড়াতেই তল্লাসী চালিয়ে ওই ১৪ জনকে আটক করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণ রাখতে রাজ্য জুড়ে চলছে নজরদারি। মুখ্য নির্বাচনী আধিকারিকের দেওয়া তথ্য অনুসারে ২৬ ফেব্রুয়ারি থেকে গতকাল পর্যন্ত রাজ্য জুড়ে দুশো ৮০ কোটি টাকার বেশি সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। এর মধ্যে ৬ কোটি ৫৬ লক্ষের বেশি নগদ অর্থ, ৫৮ কোটি ৬০ লক্ষের বেশি মাদক দ্রব্য রয়েছে।

এছাড়া গত ১৫ থেকে ৩০ মার্চ পর্যন্ত ১৬৬টি আগ্নেয়াস্ত্র, ৭২৬টি তাজা বোমা ও কিছু বিস্ফোরক উদ্ধার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর্থিক প্রতারণা মামলায় কলকাতায় ইডি-র অভিযানে ১ কোটি টাকারও বেশি নগদ অর্থ উদ্ধার হয়েছে। নিউ আলিপুরে ঠিকাদার সংস্থার মালিক জয় কামদারের বাড়ি থেকে এই টাকা উদ্ধার হয়। সোনা পাপ্পু ওরফে বিশ্বজিৎ পোদ্দারের বাড়ি থেকে উদ্ধার হয়েছে আগ্নেয়াস্ত্র। সম্প্রতি গোলপার্কের পাপুলিয়া রোডে নির্মাণ ব্যবসার দখল নিয়ে গন্ডগোলের জেরে গুলি চালনার ঘটনায় সোনা পাপ্পুর না জড়ায়। সেই থেকেই পলাতক সে। গতকালই ইডি আর্থিক প্রতারণা মামলায় কলকাতার একাধিক জায়গায় তল্লাশি চালায়। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগের ইন্টারভিউ প্রক্রিয়া আপাতত স্থগিত করা হয়েছে। গত ডিসেম্বর মাস থেকে প্রাথমিকে ১৩ হাজারের বেশি শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হয়েছিল। কয়েকটি জেলার প্রার্থীদের ইন্টারভিউ ইতিমধ্যেই শেষ হয়েছে। এখনো ষষ্ঠ থেকে দশম পর্যায়ের ১২টি জেলার চাকরিপ্রার্থীদের ইন্টারভিউ বাকি রয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদের বিজ্ঞপ্তিতে ইন্টারভিউ প্রক্রিয়া স্থগিত

করার কোন কারণের উল্লেখ না থাকলেও সূত্রের খবর মূলত নির্বাচনের কারণের দরুণ প্রার্থীদের যাতায়াতের যাতে কোন সমস্যা না হয় তাই এই সিদ্ধান্ত। পরিবর্তিত ইন্টারভিউ  সূচী পরে জানানো হবে।

oooooooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে আজ ইডেন গার্ডেন্সে কলকাতা নাইট রাইডার্স সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়। এর আগের ম্যাচে কেকেআর মুম্বইয়ের বিরুদ্ধে ২২০ রান করার পরও ছয় উইকেটে পরাজিত হয়। অন্যদিকে হায়দ্রাবাদও এখনো পর্যন্ত জয়ের মুখ দেখেনি। আইপিএলের উদ্বোধনী ম্যাচে বেঙ্গালুরুর কাছে ২০২ রানের লক্ষ্যমাত্রা রাখে তারা। ছয় উইকেটে জয় ছিনিয়ে নেয় বেঙ্গালুরু। প্রথম হারের পর দুই দলই জয়ের লক্ষ্যে মুখিয়ে রয়েছে। ইডেনে ব্যাটিং উপযোগী পিচে বড় রানের দিকে তাকিয়ে রয়েছে ক্রিকেটপ্রেমিরা।

oooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজ গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা দেওয়া হয়েছে। হলুদ সতর্কতা রয়েছে দক্ষিণ 24 পরগনা, হাওড়া পশ্চিম মেদিনীপুর বাঁকুড়া পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায়। কোথাও কোথাও তাপমাত্রা চার থেকে ছয় ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি, ২৬ ডিগ্রি সেলসিয়াস। তবে, কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও আজ দিনের তাপমাত্রা ৩৬ ডিগ্রির কাছাকাছি থাকার সম্ভাবনা। সকাল ১১টা থেকে বিকেল চারটে পর্যন্ত বিশেষ কাজ না থাকলে  বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। ডিহাইড্রেশন এড়াতে তেষ্টা না পেলেও জল পানের পরামর্শ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo